



তোমার অনুপস্থিতিতে আমি এখন পাখির মত,
নীড়ের সন্ধানে দিশেহারা হয়ে য়ুরি।
আমার কল্পনাতে, কোনদিন আসবে না তোমার বিদায়ের গ্রহর,
আমার হৃদয়ের স্মৃতিস্তম্ভকে বৃণিবৃর্ণ করে নামবে না অশ্রুধার।
তুমি ফিরে আসবে আবার আমার স্বপ্নপুরীতে।
আমি এখন, ভয়াবহভাবে আহত তোমার আঁচড়ে,
আরোগ্যশালার, সব ঔষধেরও সীমার বাঁহিরে।
মনের ব্যাথার এই গোপন সভায়,
আজ তুমিই সভানেত্রী।